

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিস্ফোরক পরিদপ্তর

সেশনবাগিচা, ঢাকা-১০০০।

ওয়েবসাইট : www.explosives.gov.bd

ই-মেইল : dhaka@explosives.gov.bd

বিজ্ঞপ্তি

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, অনুমোদন ব্যতিরেকে বহুতল আবাসিক ভবন, শিল্প কারখানা, বয়লার/ফার্নেসে জ্বালানি উৎস হিসেবে এক বা একাধিক সারিতে এলপিগিজি সিলিন্ডার গুচ্ছ (Cylinder Manifold) বা ট্যাংক স্থাপন করে আন্তঃসংযোগকৃত পাইপের মাধ্যমে এলপিগিজি সরবরাহ করা হচ্ছে (রেটিকুলেটেড পদ্ধতি)। উক্তরূপ রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিগিজি মজুদ ও পাইপের মাধ্যমে সরবরাহের জন্য এলপিগিজি বিধিমালা, ২০০৪ (সংশোধনকৃত, ২০১৬)-এর বিধি ১৩০ হতে ১৫১-এর প্রতিপালন এবং বিস্ফোরক পরিদপ্তর থেকে 'এফ-ফরম'-এ লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। বিস্ফোরক পরিদপ্তরের অনুমোদন ব্যতীত উক্তরূপ পদ্ধতিতে সিলিন্ডার গুচ্ছ স্থাপন/ট্যাংক স্থাপন করা বিধি ১২৫ অনুসারে দণ্ডনীয় অপরাধ।

জনসাধারণের জানমালের নিরাপত্তার স্বার্থে রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিগিজি সিলিন্ডার গুচ্ছ/ট্যাংক স্থাপনকারী এলপিগিজি বটলিং কোম্পানি, মার্কেটিং কোম্পানি, বহুতল আবাসিক ভবন মালিক, ডেভেলপার কোম্পানি, শিল্প কারখানার মালিকগণকে অবিলম্বে যথাযথ বিধি অনুসরণ করে এ দপ্তর হতে লাইসেন্স গ্রহণের নিমিত্তে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

ফোন : ৯৩৪৫২৫৮, ৯৩৩২৩১৫

ডিজি-৩৬০/১৮